



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.১৮.০১১.১৮-১২১৯

তারিখ: ০৮ কার্তিক ১৪২৯
২৪ অক্টোবর ২০২২

বিষয়: ডিপিডিসি কর্তৃক জিটুজি প্রকল্পের আওতায় ১৩২/৩৩ কেভি ও ৩৩/১১ কেভি জিআইএস উপকেন্দ্র নির্মাণের লক্ষ্যে ওয়াসা হতে হস্তান্তর মূলে প্রাপ্ত মিরপুর মৌজায় মোট ৫১.০০৮৪ একর ভূমি হতে ৩০ কাঠা বা ৪৯.৫৯০ শতাংশ ভূমি বিক্রয়ের মাধ্যমে হস্তান্তর।

সূত্র : (১) এ বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.১৮.০১১.১৮-১০০৯; তারিখ: ২৪ আগস্ট ২০২২ খ্রি.;

(২) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের স্মারক নং-৪৬.১০.০০০০.০২০.০০.২০২২-৪৬৫; তারিখ: ২১ জুন ২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে ঢাকা ওয়াসা হতে হস্তান্তর মূলে প্রাপ্ত ৫১.০০৮৪ একর ভূমি হতে ৪৯.৫৯০ শতাংশ ভূমি ডিপিডিসি'র নিকট বিক্রয়ের মাধ্যমে হস্তান্তরের বিষয়ে কতিপয় তথ্য সূত্রোক্ত ১নং পত্রে চাওয়া হয়। তদপ্রেক্ষিতে তাঁর সিটি কর্পোরেশন হতে সূত্রোক্ত ২নং স্মারকে প্রেরিত পত্রে নিম্নবর্ণিত তথ্য প্রেরণ করা হয়নি:

(ক) ঢাকা ওয়াসার নিকট হতে প্রাপ্ত জমির মালিকানা ও স্বত্ব পরিবর্তন করা হয়েছে কিনা, হলে প্রমাণক;

(খ) সমঝোতা স্মারক অনুযায়ী ভূমি ও ইমারত প্রতীকী মূল্যে রেজিস্ট্রি দলিলের মাধ্যমে হস্তান্তর করা হয়েছে কিনা, হলে দলিলের ছায়ািলিপি; এবং

(গ) ঢাকা ওয়াসা হতে যে উদ্দেশ্যে উক্ত ভূমি ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তর করা হয়েছে, সমঝোতা স্মারক অনুযায়ী অন্য কোন উদ্দেশ্যে উক্ত জমি হস্তান্তর/বিক্রয়ের আইনগত সুযোগ রয়েছে কিনা।

০২। বর্ণিতাবস্থায়, উপরে বর্ণিত তথ্যসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোহাম্মদ শামছুল ইসলাম)

উপসচিব

ফোন: ০২-২২৩৩৫৩৬২৫

মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০

ই-মেইল: lgcc1@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

প্লট ২৩-২৬, রোড নং-৪৬, গুলশান-২, ঢাকা।

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।

৩। মেয়রের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, প্লট ২৩-২৬, রোড নং-৪৬, গুলশান-২, ঢাকা।

৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। অফিস কপি।